## मिय, ग्रीम किय यांड

## মোহাম্মদ আবদূর রায্যাক

শোন মেয়ে, আমি বলি এই হবে ভালো – আঁধার নামার আগে ভুমি ঘরে ফিরে যাও; ফেরাটা কঠিন হবে নিভে গেলে আলো। লাভ নেই আর অপেক্ষার – কেউ যদি ছেড়ে যেতে যায় কি গরজ ভাকে আর ধরে রাখবার?

থেমে যদি যায় আজ
পুরোনো দিনের যত চেনা সুর, গান,
নৈঃশব্দে ডুবে যায় কালের মন্দিরা;
লাজে কেঁদে ফিরে যায় তব প্রিয় সাজ –
কেনই ভাববে একে ব্যর্থতা তোমার?
যে তোমায় ছেড়ে যেতে যায়
কি এমন প্রয়োজন তাকে বাঁধবার?

কেল তুমি বসে আছো মলের দরজা খুলে দিয়ে? দরজার ও পাশে তো সে মানুষ নেই;
সে যে ভীরু, কাপুরুষ গিয়েছে পালিয়ে।
এটাই বরং হবে ভালো–
মেয়ে তুমি সে দরজা বন্ধ করে দাও,
প্রতীক্ষার বৃত্ত থেকে বের হয়ে এসে
জীবনে জ্বালাও নব আলো।

একদিন যদি বা সে কড়া নাড়ে দুয়ারে তোমার; খুলিবে কি বন্ধ দুয়ার? যদি বলে করজোড়ে "করেছিনু ভুল আমি, চাই তব ক্ষমা" – ভাসবে কি প্রেমের জোয়ারে? এ কেমন ভালোবাসা, মেয়ে?
কুর এক থেয়ালীর তুচ্ছ থেলনা হয়ে
কেনই বাঁচবে তুমি বলো?
মেয়ে তুমি তুচ্ছ নও;
ভালো করে আপন দর্পণে দেখো চেয়ে।
প্রেমময়ী প্রয়োজনে প্রেমহীনা হয়ে
কান্না তুলে শক্তিময়ী হও।

আজ তুমি চলে যাও মেয়ে – যে তোমায় ছেড়ে গেছে আপন থেয়ালে সে থল–নায়কে তুমি ভোল চিরতরে– আপনারে করোনা নিঃশেষ তুমি তার পথ চেয়ে।

'জীবন কাঁদার জন্য ন্ম'-যে ছিল হৃদ্মহীন তাহার স্মরণে কেন সেই জীবনের কর অপচ্ম? নতুন স্বপ্ন দেখ বিপ্রলব্ধা মেয়ে – গেয়ে যাও জীবনের জয়।

मार्চ १, २०५५